



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
মুরারিচাঁদ কলেজ, সিলেট  
website : www.mccollege.edu.bd  
email : m.c.college\_sylhet@live.com

বাংলাদেশের  
সুর্ণজয়ন্তী  
Bangladesh



তারিখ: ২০.০৯.২০২৩ খ্রি.

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে (২য় ও সর্বশেষ রিলিজন্সিপ) ভর্তির বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষে বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, দর্শন, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, মনোবিজ্ঞান, পরিসংখ্যান ও গণিত বিষয়ে আগামী ২৪.০৯.২০২৩ তারিখ হতে ভর্তি কার্যক্রম শুরু হবে।

### ১। ভর্তির যোগ্যতা :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশিত রিলিজন্সিপ মেধা তালিকায় বিষয়ভিত্তিক নির্বাচিত আবেদনকারীরা অনার্স ১ম বর্ষে ভর্তি হতে পারবে।

### ২। আবেদনের নিয়ম:

অনার্স ১ম বর্ষ কোর্সে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের নিম্নবর্ণিত website- এ প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে হবে:  
[www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)

### ৩। শিক্ষার্থী কর্তৃক কার্যসম্পাদনের ধাপসমূহ :

ধাপ-১ : Online এ আবেদন ফরম সঠিকভাবে পূরণপূর্বক Submit করে A4 সাইজের অফসেট কাগজে এর ০২ কপি প্রিন্ট আউট নিতে হবে।

ধাপ-২ : ধাপ-১ এর প্রিন্ট কপির ০১ কপির নির্ধারিত স্থানে প্রার্থী তার স্বাক্ষর দিবে, ফরমের সাথে সোনালী ইসেবার মাধ্যমে টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে।

উল্লেখ্য যে, শিক্ষার্থীরা <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের "National University Fees" মেনু থেকে "Admission Fee" বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি ফি পরিশোধ করতে হবে। ভর্তি ফি পরিশোধের পর প্রাপ্ত পেইমেন্ট স্লিপ (Payment Slip) শিক্ষার্থীরা সংরক্ষণ করবে।

ধাপ-৩ : ধাপ-২ সম্পন্ন করার পর নিম্নোক্ত কাগজসমূহ স্ট্যাপলার দ্বারা সংযুক্ত করে একটি নির্দিষ্ট খামে সংরক্ষণ করতে হবে।

কাগজসমূহ:(ক) ধাপ-২ এর প্রিন্ট কপি সোনালী ই-সেবার মাধ্যমে পরিশোধিত টাকার রশিদসহ)।

(খ) এইচএসসি/সমমান পরীক্ষা পাশের মূল নম্বরপত্র।

(গ)এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষা পাশের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি (সত্যায়িত বিহীন)

(ঘ) প্রাথমিক অনলাইন আবেদনের সময় যে ছবি দেওয়া হয়েছিল তার পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি (সত্যায়িত বিহীন এবং ছবির পিছনে নাম, বিভাগ ও ভর্তি রোল নম্বর উল্লেখ থাকতে হবে।)

(উল্লেখ্য যে, এইচএসসি/সমমান পরীক্ষা পাশের মূল নম্বরপত্র বিভাগে জমা দেওয়ার পূর্বে অবশ্যই ফটোকপি করে পরবর্তী প্রয়োজনীয় কাজের জন্য নিজের নিকট সংরক্ষণ করতে হবে।)

ধাপ-৪ : ধাপ-৩ এ প্রস্তুতকৃত খামটির উপরে নাম, বিভাগ, ভর্তি রোল নং, মোবাইল নম্বর এবং ঠিকানা লিখে নিম্নোক্ত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

স্ব স্ব বিভাগে ভর্তি ফর্মসহ যাবতীয় কাগজপত্র জমা দেওয়ার তারিখ ২৪.০৯.২০২৩ হতে ০১.১০.২০২৩ তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)

বি:দ্র:

১। ভর্তি ফি জমা দেয়ার সময়সূচি (শুধু ২য় ও সর্বশেষ রিলিজন্সিপ মেধা তালিকার জন্য) : ২৪.০৯.২০২৩ থেকে ৩০.০৯.২০২৩ তারিখ পর্যন্ত। উল্লেখ্য যে, সোনালী ই-সেবায় ভর্তি ফিস এবং বিভাগে কাগজ জমা দেওয়ার সময়সীমা অনুসরণ না করলে যদি ভর্তি সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হয় তবে বিভাগ ও কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২। রিজল্টিং মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষের কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফর্ম উত্তোলন করতে হবে। ভর্তি বাতিল করলে ভর্তি কার্যক্রম চলমান থাকা অবস্থায় তা পুনঃবহাল করার কোন সুযোগ থাকবে না।

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স ভর্তির বিষয়ভিত্তিক ফি**

অনার্স বিষয়	জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি ও সেশন ফি		সেমিনার ফি	মোট প্রদেয়	
	মুসলিম	অন্যান্য ধর্মাবলী		মুসলিম	অন্যান্য ধর্মাবলী
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস.ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান সমাজবিজ্ঞান, অর্থনীতি,	৩১৫৫/-	৩১৬০/-	১৬০০/-	৪৭৫৫/-	৪৭৬০/-
পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদবিদ্যা প্রাণিবিদ্যা, মনোবিজ্ঞান পরিসংখ্যান, গণিত	৩২৫৫/-	৩২৬০/-	২২০০/-	৫৪৫৫/-	৫৪৬০/-

শিক্ষার্থী কর্তৃক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইন আবেদনের শেষ তারিখ: ৩০.০৯.২০২৩

সোনালী ই-সোবার মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ: ৩০.০৯.২০২৩

স্ব স্ব বিভাগে ভর্তি ফর্মসহ যাবতীয় কাগজপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ০১.১০.২০২৩

  
অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

২০/৯/২০২৩

